সমকাল

তারিখ ... 13. MAY. 2015 ...
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ২ ...

# নিবন্ধনের দাবিতে বেসরকারি মেডিকেল শিক্ষার্থীদের বিক্ষোভ

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া শিক্ষার্থীরা নিবন্ধনের দাবিতে বিক্ষোভ মিছিল ও বিক্ষোর্ভ সমাবেশ করেছেন। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে এ কর্মসূচি পালিত হয়। বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজ স্টুডেন্টস অ্যাসোসিয়েশন এ কর্মসূচির আয়োজন করে।

সমাবেশে শিক্ষার্থীরা বলেন, ভর্তি হওয়ার দেড় বছর অতিবাহিত হলেও সরকার ও কলেজ কর্তৃপক্ষের গাফিলতির কারণে 'প্রায় সাতশ' শিক্ষার্থীর নিবন্ধন হয়নি। এ কারণে ক্লাস করেও তারা এখন পর্যন্ত কোনো পরীক্ষায় অংশ নিতে পারেননি। এতে তাদের শিক্ষাজীবন হুমকির মুখে পড়েছে। সংগঠনের সভাপতি রেদওয়ান মৃধার সভাপতিত্বে সমাবেশে বক্তৃতা করেন সাধারণ সম্পাদক তানভীর রহমান, শামীম আহমেদ, বিনয় কুমার, মুজাহিদ সজল, মাহমুদুর রহমান প্রমুখ।

শিক্ষার্থীরা জানান, ২০১৩-১৪ শিক্ষাবর্ষে মেডিকেল ভর্তি পরীক্ষায় পাস নম্বর ১২০ নির্ধারণ করা হয়। পরে হাইকোর্টে এক রিটের পরিপ্রেক্ষিতে তা ১০৫ নির্ধারণ করা হয়। ওই সময় কলেজগুলো প্রায় সাতশ' শিক্ষার্থীকে ভর্তি করায়। পরে পাস নম্বর ১২০ বহাল রাখার বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয় আপিল করার কারণে শিক্ষার্থীরা নিবন্ধন পাননি।